রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ২১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**পাট-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৫)-৪৭৪**— "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০" এর সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে Woven Poly-Propylene (WPP) ব্যাগের উৎপাদন ও ব্যবহার নিয়ন্ত্রণ বিষয়ে ১০-১২-২০১৫ তারিখে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে (WPP) ব্যাগের চাহিদা নির্ধারণ, উৎপাদন, কাঁচামাল আমদানী, রপ্তানী, অভ্যন্তরীণ ব্যবহার, আমদানীর ক্ষেত্রে ডিউটি, ট্যাক্স ইত্যাদি বিষয়ে পর্যালোচনাপূর্বক (WPP) ব্যাগের উৎপাদন ও ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব (প্রশাসন) | আহ্বায়ক |
| (২) | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিনিধি, বিনিয়োগ বোর্ড | সদস্য |
| (৫) | প্রতিনিধি, রপ্তানী উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (৬) | প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| (৭) | প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (৮) | প্রতিনিধি, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় | সদস্য |
| (৯) | প্রতিনিধি, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট | সদস্য |

০২। **কমিটির কার্যপরিধি :**

কমিটি নিম্নোক্ত বিষয়াদি পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক ৩০-১২-২০১৫ তারিখের মধ্যে (WPP) ব্যাগের উৎপাদন ও ব্যবহার নিয়ন্ত্রণ বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে—

(ক) Woven Poly-Propylene (WPP) ব্যাগের চাহিদা নির্ধারণ সংক্রান্ত বিষয়াদি;

(খ) Woven Poly-Propylene (WPP) ব্যাগ উৎপাদনের ক্ষেত্রে ছাড়পত্র/অনুমোদন, উৎপাদনকারী প্রতিষ্ঠানের সংখ্যা ও উৎপাদনের পরিমাণ, রপ্তানী ও অভ্যন্তরীণ ব্যবহারের পরিমাণ সংক্রান্ত বিষয়াদি;

(গ) Woven Poly-Propylene (WPP) কাঁচামাল আমদানী ও ব্যবহারের ক্ষেত্রে শর্তাদি, আমদানীর পরিমাণ, আমদানীকারকদের তালিকা ও আমদানীর পরিমাণ সংক্রান্ত তথ্যাদি, আমদানীর ক্ষেত্রে ডিউটি/ট্যাক্স, আমদানীকারকদের তালিকা ও আমদানীর পরিমাণ সংক্রান্ত তথ্যাদি।

০৩। কমিটি প্রয়োজনে বিষয় সংশ্লিষ্ট সদস্য কো-অপ্ট করতে পারবে।

**বেবী পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd